

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী



স্মারক নম্বর

১৯৩০০/১৯/১২২৪/২৭/১৭২

তারিখ

২৭/৬/১৭

প্রেরক : কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
রাজশাহী

প্রাপক : মোহাম্মদ আবু নাসের বেগ  
উপ-সচিব (অতিরিক্ত দায়িত্ব)  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারী কলেজ ০৬ শাখা  
শিক্ষা মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

বিষয় : অবহিতকরণ প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭০.৪৯.০০১.১৮.২১৬, তারিখ-২৯/০৭/২০১৯ খ্রি:  
মোতাবেক প্রাপ্ত সম্মতিপত্র (একাডেমিক স্বীকৃতি)।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, বগুড়া জেলার সারিয়াকান্দি উপজেলাধীন জোড়গাছা মডেল মহিলা কলেজের একাডেমিক স্বীকৃতি বিষয়ে অত্র দপ্তরের স্মারক নং-৩/কল/বগ/১২২৪/১৫৫, তারিখ-১৪/০৫/২০১৯ খ্রি: মোতাবেক একটি পরিদর্শন প্রতিবেদন শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। তদপ্রেক্ষিতে সূত্রে বর্ণিত স্মারক ও তারিখ অনুসারে শিক্ষা মন্ত্রণালয় অত্র দপ্তরে কলেজটির উচ্চ মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতির একটি সম্মতিপত্র প্রেরণ করে। কিন্তু প্রেরিত পরিদর্শন প্রতিবেদনের ১৬ নং ক্রমিকে ভুল তথ্য উপস্থাপিত হওয়ায় অত্র দপ্তরের স্মারক নং-৩/কল/বগ/১২২৪/১৬৫, তারিখ-২৭/০৮/২০১৯ খ্রি: মোতাবেক একটি সংশোধিত পরিদর্শন প্রতিবেদন পুনরায় শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। কিন্তু পরবর্তীতে প্রেরিত প্রতিবেদন মূলে শিক্ষা মন্ত্রণালয় আর কোন আদেশ দেন নাই বা পূর্বে বর্ণিত স্মারক নং বাতিলও করেন নাই। এক্ষেত্রে বর্তমানে রাজশাহী শিক্ষা বোর্ডের করণীয় কি তারও কোন নির্দেশনা দেওয়া হয়নি। উল্লেখ্য, প্রতিষ্ঠানটিতে বর্তমানে একটি অনুমোদিত নির্বাহী কমিটি রয়েছে।

বর্ণিত অবস্থায়, পরবর্তী করণীয় নির্ধারণের নিমিত্তে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা কাম্য।

সংযুক্তি:

- (১) একাডেমিক স্বীকৃতির সম্মতিপত্র
- (২) সংশোধিত প্রতিবেদন
- (৩) নির্বাহী কমিটির চিঠি

চেয়ারম্যানের আদেশক্রমে

  
সচিব ২০.০৬.২২

ও

কলেজ পরিদর্শক (দায়িত্বপ্রাপ্ত)  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী